

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা- ১ শাখা)  
www.lgd.gov.bd.

স্মারক নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.২৯০.২০১৬-১০০

তারিখ : ২৩ জানুয়ারি ২০১৭

বিষয় : রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলা পরিষদে নিয়োগকৃত অফিস সহায়ক পদে জনবল নিয়োগের বিষয়ে মতামত প্রদান।  
সূত্র-১: রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলা পরিষদ কার্যালয় এর স্মারক নং উঃপঃকাঃগোঃ ১৬/৮৪; তারিখ: ১৯ অক্টোবর ২০১৬।  
সূত্র-২: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.২৯০.২০১৬-১৬৮০; তারিখ : ২৩ নভেম্বর ২০১৬।  
সূত্র-৩: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোয়ালন্দ, রাজবাড়ী এর স্মারক নং ০৫.৩০.৮২২৯.০০৪.১৮.০০৮.১৬-১০১৮;  
তারিখ: ০৬ ডিসেম্বর ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে ১নং সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলা পরিষদে অফিস সহায়ক পদে ০২জন কর্মচারী নিয়োগ প্রদান করা হয়। নিয়োগকৃত ০২জন অফিস সহায়ক এর মধ্যে জনাব আসাদুজ্জামান চাকুরীতে বহাল থাকার জন্য মাননীয় আদালতে রীট পিটিশন নং ১৩৭০/২০১৫ দায়ের করেন এবং উক্ত মামলায় মাননীয় আদালত কর্মচারীদের পক্ষে রায় প্রদান করায় তাদের বেতন ভাতা ছাড়করণের জন্য সংশ্লিষ্ট উপজেলা পরিষদ কার্যালয় হতে অনুরোধ করা হয় (সংযুক্তি-১)। তদ্ব্যপেক্ষিতে ২নং সূত্রোক্ত পত্রের মাধ্যমে কতিপয় তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ এর নিকট চাওয়া হয় (সংযুক্তি-২)। বর্ণিত প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী কর্তৃক তথ্যাদি প্রেরণ করা হয় (সংযুক্তি-৩)।

২। স্থানীয় সরকার বিভাগের ১৪ আগস্ট ২০১৪ তারিখের ৭৫১ নং স্মারকে ৪৮১টি উপজেলা পরিষদের জন্য রাজস্বখাতে ৯৬২টি অফিস সহায়ক পদে অস্থায়ীভাবে নিয়োগের লক্ষ্যে ছাড়পত্র প্রদান করা হয় (সংযুক্তি-৪)। উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে নিয়োজিত কতিপয় অফিস সহায়ক তাদের চাকুরী রাজস্বখাতে আত্মীকরণের জন্য উক্ত ছাড়পত্রকে কেন্দ্র করে মাননীয় আদালতে রীট পিটিশন নং ৮২২১/২০১৪, ১৩৮১/২০১৫ ও ১৩৭০/২০১৫ দায়েরের প্রেক্ষিতে গত ০৯ মার্চ ২০১৫ তারিখে Rule disposed of উল্লেখ করে রায় প্রদান করে যা স্থানীয় সরকার বিভাগের আইন-১ অধিশাখা হতে জানানো হয় (সংযুক্তি-৫)। গত ০৯ মার্চ ২০১৫ তারিখের রায়ের বিরুদ্ধে উচ্চ আদালতে লীড টু আপীল দায়েরের জন্য স্থানীয় সরকার বিভাগের আইন-১ অধিশাখাকে গত ১৩ সেপ্টেম্বর ২০১৫ তারিখে অনুরোধ করা হয় (সংযুক্তি-৬)। পরবর্তীতে রীট পিটিশন নং ৮২২১/২০১৪, ১৩৮১/২০১৫ ও ১৩৭০/২০১৫ হতে উদ্ভূত এস,সি নং ৭১৭৩/২০১৬ সি,পি নং ৩২০৫-৩২০৮/২০১৫ এ বাংলাদেশ সুপ্রীম কোর্ট আপীল বিভাগ কর্তৃক গত ২১ জুলাই ২০১৬ তারিখে তাদের পক্ষে রায় প্রদান করা হয় (প:পূ: ১১) যা স্থানীয় সরকার বিভাগের আইন-১ শাখা হতে জানানো হয় (সংযুক্তি-৭)। রীট পিটিশন নং ৮২২১/২০১৪, ১৩৮১/২০১৫ ও ১৩৭০/২০১৫ মোকাদ্দমা হতে উদ্ভূত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের ২১ জুলাই ২০১৬ তারিখের রায়ের বিরুদ্ধে রিভিউ দায়ের করার জন্য স্থানীয় সরকার বিভাগের আইন-১ শাখাকে অনুরোধ করা হয় (সংযুক্তি-৮)।

৩। এমতাবস্থায়, উপজেলা পরিষদে অফিস সহায়ক পদে জনবল নিয়োগের ছাড়পত্রকে কেন্দ্র করে দায়েরকৃত রীট পিটিশন নং ৮২২১/২০১৪ এ গোয়ালন্দ উপজেলা পরিষদে নিয়োগকৃত জনাব আসাদুজ্জামান অন্তর্ভুক্ত থাকায় এবং উক্ত মোকাদ্দমা হতে উদ্ভূত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের ২১ জুলাই ২০১৬ তারিখের রায়ের বিরুদ্ধে রিভিউ দায়ের করায় তার বেতন ভাতা ছাড় করার বিষয়ে পরবর্তী করণীয় সম্পর্কে আইনগত মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ২২(বাইশ) পাতা।

২৩/০১/২০১৭  
(ড. জুলিয়া মঈন)  
উপসচিব  
ফোন : ৯৫৬২২৪৭

সচিব  
আইন ও বিচার বিভাগ  
আইন, বিচার ও সংসদ বিষয়ক বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।